

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৩৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে ক্নিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِي الصَّلَاةِ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ السَّائِبِ قَالَ: صلَّى لَنَا رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّبْحَ بِمَكَّةَ فَاسْتَفْتَحَ سُورَةَ (الْمُؤْمِنِينَ)
حَتَّى جَاءَ ذِكْرُ مُوسَى وَهَارُونَ أَوْ ذِكْرُ عِيسَى أَخَذَتِ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَعْلَةٌ فَرَكَعَ. رَوَاهُ مُسلم

বাংলা

৮৩৭-[১৬] 'আবদুল্লাহ ইবনুস্ সায়িব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় আমাদের ফাজ্রের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করিয়েছেন। তিনি সূরাহ্ আল মু'মিন তিলাওয়াত করা শুরু করলেন। তিনি যখন মূসা ও হারূন অথবা 'ঈসা (আঃ) এর আলোচনা পর্যন্ত এসে পৌঁছলেন তার কাশি এসে গেলে (সূরাহ্ শেষ না করেই) তিনি রুকু'তে চলে গেলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৪৫৫, নাসায়ী ১০০৭, ইরওয়া ৩৯৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আম্বিয়াদের অতীত ঘটনাবলী স্মরণ পড়ায় তিনি কান্নায় ভেঙ্গে পড়েন এবং তাঁর কণ্ঠরুদ্ধ হয়ে যায়। ফলে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সূরাটি সমাপ্ত করতে পারেনি। সালাতে ক্বিরাআত (কিরআত) পড়তে গিয়ে কোন কোন কারণে যদি বাধা সৃষ্টি হয় আর এ পরিমাণ ক্বিরাআত (কিরআত) পড়া হয়ে থাকে যা দ্বারা সালাত (সালাত/নামায/নামাজ) শুদ্ধ হয় তবে তৎক্ষণাৎ রুকু'তে যাওয়া যেতে পারে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন